

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(বিচার শাখা)  
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১৪/২০২১

জে,

তারিখ : ০৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয় :** স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শারীরিক উপস্থিতিতে দেওয়ানী ও ফৌজদারী আপীল দায়ের এবং The Negotiable Instruments Act, 1881 (Act No. XXIV of 1881) এর ১৩৮ ধারার অধীন মামলা দায়ের প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শারীরিক উপস্থিতিতে দেওয়ানী ও ফৌজদারী আপীল এবং The Negotiable Instruments Act, 1881 এর ১৩৮ ধারার অধীন মামলা সংশ্লিষ্ট সেরেস্তায় দায়ের করা যাবে। ক্ষেত্রমতে দেওয়ানী ও ফৌজদারী আপীলের গ্রহণযোগ্যতা শুনানীসহ এতদসংক্রান্ত জরুরী দরখাস্ত ভারুয়াল উপস্থিতিতে শুনানী করা যাবে। The Negotiable Instruments Act, 1881 এর ১৩৮ ধারার অধীন দায়েরকৃত মামলায় শারীরিক উপস্থিতিতে সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেট The Code of Criminal Procedure, 1898 (Act No.V of 1898) এর ২০০ ধারার অধীন জবানবন্দি গ্রহণ করবেন।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোন : ৯৫১৪৬৪৬

E-mail: registrar\_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ২৫৪১

জে,

তারিখ : ০৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..... (সকল) (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ..... (সকল) (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৫. সভাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ..... (সকল)।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
৭. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৯. নোটিশ বোর্ড

(মোঃ শিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬১৯৩২।